

💵 সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ২১২০

كاب الكفارات) अكر कांक्कातात्रभूव (حارفكا الكفارات)

পরিচ্ছেদঃ ১১/১৪. শপথের বিষয় কেউ যদি মনের মধ্যে গোপন রাখে।

بَابِ مَنْ وَرَّى فِي يَمِينِهِ

আরবী

حَدَّثَنَا أَبُو بَكْرِ بْنُ أَبِي شَيْبَةَ، حَدَّثَنَا يَزِيدُ بْنُ هَارُونَ، أَنْبَأَنَا هُشَيْمٌ، عَنْ عَبَّادِ بْنِ أَبِي صَالِحٍ، عَنْ أَبِيهِ، عَنْ أَبِي هُرَيْرَةَ، قَالَ قَالَ رَسُولُ اللّهِ ـ صلى الله عليه وسلم ـ " إِنَّمَا الْيَمِينُ عَلَى نِيَّةِ الْمُسْتَحْلِفِ " .

বাংলা

২/২১২০। আবৃ হুরাইরাহ্ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহ্ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ শপথের ফলাফল শপথকারির অভিপ্রায়ের উপর নির্ভরশীল।

English

It was narrated from Abu Hurairah that the Messenger of Allah (ﷺ) said:
"The oath is only according to the intention of the one who requests the oath to be taken."

ফুটনোট

ইবনু মাজাহ ২১২১, মুসলিম ১৬৫৩, তিরমিয়ী ১৩৫৪, আবু দাউদ ৩২৫৫,আহমাদ ৭০৭৯, ৮১৭৮, দারেমী ২৩৪৯, মুসলিম ৫/৭৮।

তাহকীক আলবানীঃ সহীহ। উক্ত হাদিসের রাবী আব্বাদ বিন আবু সালিহ সম্পর্কে আবুল ফাতহ আল-আযদী বলেন, তিনি তার পিতা থেকে হাদিস বর্ণনা করেছেন যা তার হাদিসের অনুসরণ করা যাবে না। আবু হাতিম বিন হিব্বান বলেন, তিনি তার পিতা থেকে এককভাবে হাদিস বর্ণনা করেছেন। ইমাম বুখারী বলেন, তিনি মুনকার তথা কুফুরী নয় এমন কওলী বা আমলী কোন ফিসক এর সাথে জড়িত। (তাহযীবুল কামালঃ রাবী নং ৩৩৩৮, ১৫/১১৬ নং পৃষ্ঠা) উক্ত হাদিসটি সহিহ কিন্তু আব্বাদ বিন আবু সালিহ এর কারণে সানাদটি হাসান। হাদিসটির



৬৪ টি শাহিদ হাদিস রয়েছে, তন্মধ্যে ১ টি জাল, ১২ টি অধিক দুর্বল, ২৬ টি দুর্বল, ১৪ টি হাসান, ১১ টি সহিহ হাদিস পাওয়া যায়। তন্মধ্যে উল্লেখযোগ্য হলঃ মুসলিম ১৬৫৪, তিরমিযি ১৩৫৪, আবু দাউদ ৩২৫৫, দারিমী ২৩৪৯, আহমাদ ৭০৭৯, ৮১৭৮, দারাকুতনী ৪২৬৯, মুসান্নাফ আব্দুর রায্যাক ১৬০২২, শারহুস সুন্নাহ ২৫১৪, ২৫১৫, আল-ফাওয়াইদ ৯৭১।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন